**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18-04.2026** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Edit. & Compile. : DSS**
**DEO : KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ নির্বাচন কমিশন, প্রথম দফা ভোটের আগে নজিরবিহীন নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করেছে। # ১৫২ টি বিধানসভা আসনে গতরাত থেকেই সীমান্তবর্তী এলাকাগুলিতে শুরু হয়েছে ড্রোনের মাধ্যমে নজরদারি।

২/ ভোটের মুখে নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন ওঠায় পাঁচজন বুথ লেভেল আধিকারিককে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

৩/ বিধান নগরের পুলিশ কমিশনার মুরলিধর শর্মাকে সরিয়ে দিয়েছে কমিশন। তাঁর জায়গায় আসছেন, ত্রিপুরারি অথর্বা।

৪/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার ক্রমশঃ জোরদার হয়ে উঠছে।

৫/ আর্থিক প্রতারণার তদন্তে আয়কর দফতরের আধিকারিকরা গতকাল রাসবিহারীর তৃণমূল কংগ্রেস নেতা, প্রার্থী দেবাশিস কুমারের বাড়ি ও নির্বাচনী কার্যালয়ে দীর্ঘক্ষণ তল্লাশি চালায়। উদ্ধার হয়েছে বেশ কিছু নথি ।

৬/ চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী ৮ই মে।

৭/ ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং ও ওড়িশা FC-র ম্যাচটি ১-১ গোলে অমীমাংসিতভাবে শেষ হয়েছে।

**************************************************************************

নির্বাচন কমিশন, প্রথম দফা ভোটের আগে নজিরবিহীন নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করেছে। এই পর্যায়ে ১৫২টি বিধানসভা আসনে ভোটগ্রহণের আগে গত রাত থেকেই সীমান্তবর্তী এলাকাগুলিতে ড্রোনের মাধ্যমে নজরদারি শুরু হয়েছে। পাশাপাশি, ভোটের ৭২ ঘণ্টা আগেই সিল করে দেওয়া হচ্ছে রাজ্যের আন্তর্জাতিক সীমান্ত।

কমিশন সূত্রে জানা গেছে, সীমান্ত দিয়ে কোনও রকম অবৈধ অনুপ্রবেশ রুখতেই এই বিশেষ ব্যবস্থা। বাইরে থেকে যাতে কেউ রাজ্যে ঢুকতে এবং এদিক থেকেও সীমান্ত পেরোতে না পারে, সে দিকেও কড়া নজর রাখা হচ্ছে।

সাধারণত ভোটের ৪৮ ঘণ্টা আগে সীমান্তে এই ধরনের বিধিনিষেধ কার্যকর হয়। তবে এবারের নির্বাচনে পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে আগাম এই কড়াকড়ি চালু করা হচ্ছে। আধুনিক প্রযুক্তির ব্যবহারেও জোর দিয়েছে কমিশন।

সীমান্ত এলাকায় ড্রোন নজরদারির পাশাপাশি বাহিনী মোতায়েনও বাড়ানো হয়েছে।

***********************

ভোটের মুখে নির্বাচন কমিশন নতুন করে ৪ হাজার ৬৬০টি সহায়ক ভোটকেন্দ্র তৈরি করায়, পশ্চিমবঙ্গে ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা বেড়ে দাঁড়াল-৮৫ হাজার ৩৭৯। ভোটারদের সুবিধার্থেই ভোটকেন্দ্র বৃদ্ধির এই সিদ্ধান্ত।

কমিশন জানিয়েছে, প্রতিটি অতিরিক্ত বুথে পর্যাপ্ত ব্যবস্থা রাখার পাশাপাশি ভোটারদের যাতে কোনও সমস্যা না-হয়, তা নিশ্চিত করতে হবে। এছাড়া বুথে বিদ্যুৎ পরিষেবা, শৌচালয় এবং পানীয় জলের বন্দোবস্ত দেখতে বলা হয়েছে।

উল্লেখ্য, নির্বাচন কমিশন গত ৪ঠা এপ্রিল, ভোটকেন্দ্র বৃদ্ধি এবং সহায়ক বুথ তৈরির সিদ্ধান্ত অনুমোদন করেছিল। যে সমস্ত বুথে ভোটদাতার সংখ্যা ১ হাজার ২০০ ছাড়িয়ে গেছে, সেখানে অতিরিক্ত সহায়ক বুথ তৈরি করা হচ্ছে, যাতে একটি ভোটকেন্দ্রে অতিরিক্ত ভোটারের চাপ না পড়ে।

***********************

ভোটের মুখে নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন ওঠায় পাঁচজন বুথ লেভেল আধিকারিক– BLO কে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। অভিযুক্তদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করার পাশাপাশি FIR দায়েরের নির্দেশও দেওয়া হয়েছে। এদের মধ্যে আছেন উত্তর ২৪ পরগণার তিন ও বীরভূমের দুই BLO ।

কমিশন সূত্রে জানা গিয়েছে, অভিযুক্ত BLO-দের বিরুদ্ধে সরাসরি একটি রাজনৈতিক দলের হয়ে কাজ করার অভিযোগ উঠেছে।

উত্তর ২৪ পরগনার বারাসত মহকুমার ঐ তিন BLO-কে আগেই শো-কজ করা হয়েছিল। কিন্তু তাঁদের জবাব সন্তোষজনক না হওয়ায় কড়া ব্যবস্থা নেয় কমিশন। একজন শো-কজের জবাব দিতেও অস্বীকার করেন বলে জানা গিয়েছে।

অন্যদিকে, বীরভূমের দুবরাজপুর ও ময়ূরেশ্বরেও দু'জন BLO-র বিরুদ্ধে একই ধরনের অভিযোগে পদক্ষেপ করা হয়েছে।

***********************

নদীয়ায়, রিটার্নিং অফিসারের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগে হরিণঘাটার তৃণমূল কংগ্রেস নেতা প্রাক্তন পুরপ্রধান রাজীব দালালকে গ্রেপ্তার করেছে পুলিশ।
সম্প্রতি হরিণঘাটা বিধানসভা এলাকায় তৃণমূল কংগ্রেস প্রার্থীর মনোনয়নকে জমা দেওয়াকে কেন্দ্র করে গন্ডগোলের সূত্রপাত। গত ১৫'ই এপ্রিল কল্যাণী মহকুমা শাসকের দপ্তরে এক বৈঠক চলাকালীন'ই রাজীব, রিটার্নিং অফিসার মৈত্রী চক্রবর্তীর সঙ্গে দুর্ব্যবহার করেন বলে অভিযোগ। এর প্রেক্ষিতে কল্যাণী থানায় অভিযোগ দায়ের করা হয়। তার ভিত্তিতেই রাজীবের বাড়িতে পুলিশ গতকাল তল্লাশি চালায়। তাঁকে আটক করে থানায় জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করা হয়।
তাঁর পরিবারের অবশ্য দাবী, পুলিশ কোনো সার্চ ওয়ারেন্ট ছাড়াই তল্লাশি চালায়।

***********************

নির্বাচন কমিশন, বিধান নগরের পুলিশ কমিশনার মুরলিধর শর্মাকে সরিয়ে দিয়েছে। ভোটের মুখেই গতরাতে কমিশনের পক্ষ থেকে একথা ঘোষণা করা হয়। IPS আধিকারিক ত্রিপুরারি অথর্বাকে বিধাননগর পুলিশ কমিশনারেটের নতুন কমিশনার

পদে নিয়োগের নির্দেশ দিয়েছে কমিশন। এই বিষয়ে রাজ্যের মুখ্যসচিবকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়ার পাশাপাশি আজ সকাল ১১টার মধ্যে কমিশনের নির্দেশ কার্যকর করতেও বলা হয়েছে।

*************************

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার আরও তিন পুলিশ আধিকারিককে বদলি করেছে। ভবানীভবনে রাজ্য সিআইডি দপ্তরের কর্মরত ইন্সপেক্টর সঞ্জয় ঘোষ, বিধাননগর পুলিশ কমিশনারেটের ইন্সপেক্টর সঞ্চয়ন ব্যানার্জি এবং রাজ্য গোয়েন্দা বিভাগে কর্মরত পুলিশ ইন্সপেক্টর প্রসেনজিৎ বিষ্ণুকে তাদের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

সঞ্জয় ঘোষকে বাগুইআটি থানার ইন্সপেক্টর ইনচার্জ, সঞ্চয়ন ব্যানার্জীকে নাগেরবাজার থানার আইসি ও প্রসেনজিৎ বিষ্ণুকে নরেন্দ্রপুর থানার ইন্সপেক্টর ইনচার্জ পদের দায়িত্ব দেওয়া হয়েছে।

*************************

ভোটের কাজ এবং কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ বাহিনীর চলাচলের জন্য প্রচুর বাস নিয়ে নেওয়ায় আগামী সপ্তাহ থেকে রাজ্যের বিভিন্ন রুটে বাস চলাচল উল্লেখযোগ্য হারে কমবে। ইতিমধ্যেই নির্বাচনের বিভিন্ন কাজের জন্য তিন রাষ্ট্রীয় পরিবহন সংস্থা থেকে মোট ৬৮০ টি বাস নেওয়া হয়েছে। এর মধ্যে WBTC র ২৩০ টি রয়েছে বলে সংস্থা সূত্রের খবর। এর ফলে কলকাতা ও শহরতলী এলাকায় সরকারি বাসের সংখ্যা কমেছে। পরিস্থিতি সামাল দিতে বিভিন্ন রুটের E- বাসের ক্ষেত্রে নির্ধারিত আসন সংখ্যার থেকেও বেশি যাত্রী তোলার নির্দেশ দেওয়া হয়েছে বলে WBTC সূত্রে আরও জানা গেছে।

*************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার ক্রমশঃ জোরদার হয়ে উঠছে।

প্রথম দফা ভোটের আগে শেষ শনিবারে আজ দলীয় কর্মীদের হয়ে প্রচারের জন্য উত্তরবঙ্গে যাচ্ছেন, বিজেপি নেতা, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। কালিম্পং-এর গরুবাথান, কোচবিহারের দিনহাটা ও সিতাই-এ তিনি বক্তব্য রাখবেন।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, ময়ুরেশ্বর, দুবরাজপুর, সাঁইথিয়া, ও দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রে আজ প্রচারে সামিল হবেন।

ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী ঝাড়খন্ড মুক্তি মোর্চার নেতা হেমন্ত সোরেন, তৃণমূল কংগ্রেসের হয়ে আজ আদিবাসী অধ্যুষিত বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুরে প্রচার চালাবেন।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ হাওড়ার উলুবেরিয়া, দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর, ভাঙ্গড় ও সোনারপুরে জনসভায় বক্তব্য রাখবেন। এছাড়া, হাওড়ার উত্তর ও মধ্য কেন্দ্রের প্রার্থীর সমর্থনে এক পদযাত্রাতেও অংশ নেবেন তিনি।

এদিকে, তেলেঙ্গানার মন্ত্রী, মহম্মদ আজারউদ্দিন আজ রাজ্যে কংগ্রেসের হয়ে প্রচারে আসছেন। মুর্শিদাবাদের বহরমপুর, বেলডাঙ্গা, রাণীনগর, ভরতপুর ও মালদার সুজাপুরে কংগ্রেসের রড শো ও প্রচারকর্মসূচীতে অংশ নেবেন তিনি।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী'ও কান্দি, ভগবানগোলা, হাজিনগর ও বহরমপুরে জনসভা করবেন।

CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, দলীয় কর্মসূচীতে আজ মালদায় থাকবেন। এছাড়াও, বিকাশ রঞ্জন ভট্টাচার্য সহ দলের নেতা কর্মীরা বিভিন্ন জায়গায় পথসভা ও মিটিং মিছিলে সামিল হবেন।

***********************

আর্থিক প্রতারণার তদন্তে আয়কর দফতরের আধিকারিকরা গতকাল রাসবিহারীর তৃণমূল কংগ্রেস নেতা, এবারের প্রার্থী দেবাশিস কুমারের বাড়ি ও নির্বাচনী কার্যালয়ে দীর্ঘক্ষণ তল্লাশি চালায়। সকাল থেকে প্রায় ১৭ ঘন্টা এই তল্লাশি চলে। উদ্ধার হয়েছে বেশ কিছু নথিপত্র। মনোহর পুকুর রোডে দেবাশিস কুমারের বাড়ি ছাড়াও তৃণমূল

কংগ্রেসের পার্টি অফিস ও তার শাশুরির ফ্ল্যাটেও হানা দেন আয়কর আধিকারিকরা। এর আগে জমি দখল সংক্রান্ত মামলায় জিজ্ঞাসাবাদের জন্য দেবাশিস কুমারকে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে ডেকে পাঠিয়েছিল ইডি।

তল্লাশি চলে তৃণমূল কংগ্রেসের ট্রেড ইউনিয়নের নেতা কুমার সাহার বাড়ি ও অফিসেও। সেখান থেকেও বেশ কিছু নথি মিলেছে বলে খবর।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ঘনিষ্ঠ, শিক্ষাবিদ মিরাজ শাহের এলগিন রোডের বাড়িতেও যান আয়কর আধিকারিকরা। ভবানীপুরে তৃণমূল কংগ্রেস প্রার্থী হিসেবে মমতা ব্যানার্জির মনোনয়ন পত্রের অন্যতম প্রস্তাবক ছিলেন এই মিরাজ।

***********************

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী ৮ই মে ।পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ গতকাল এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে। পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, ওইদিনই পরীক্ষার্থীরা নিজেদের স্কুল থেকে মার্কশিট ও শংসাপত্র সংগ্রহ করতে পারবে। পরীক্ষা শেষ হওয়ার ৮৪ দিনের মাথায় প্রকাশিত হতে চলেছে মাধ্যমিক পরীক্ষার ফল।

***********************

শ্রী শ্রী ওংকারনাথ বৈদিক বিদ্যাপীঠের বার্ষিক সংস্কৃত পরীক্ষা ২০২৫ এর ফল প্রকাশিত হয়েছে। প্রতিষ্ঠানের অধিকর্তা ড শোভন কুমার ভট্টাচার্য্য জানান যে, এবারের পরীক্ষায় প্রথম বিভাগে পাশের হার ৮৯ শতাংশ। সংস্কৃত ভাষায় সাহিত্য, ব্যকরণ, বেদ, গীতা, ধর্মশাস্ত্র, জ্যোতিষ ও দর্শন বিষয়ে বিদ্যাপীঠ বৈদিক শিক্ষার পুনরুজ্জীবন ও ভারতীয় সংস্কৃতির ঐতিহ্যকে লালন করার উদ্দেশ্যে ২০২২ সালে এই শিক্ষা কার্যক্রম শুরু করে।

***********************

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েক দিন মূলত শুষ্ক আবহাওয়া থাকবে। দু'এক জায়গায় বজ্রগর্ভ মেঘ সঞ্চারের ফলে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে, সঙ্গে থাকবে দমকা হাওয়া।

কলকাতা ও পার্শ্ববর্তী অংশে আজ'ও বিক্ষিপ্তভাবে দু'এক জায়গায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর পূর্বাভাস দিয়েছে। দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, আজ থেকে তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রী সেলসিয়াস বাড়ার সম্ভাবনা। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা চার থেকে পাঁচ ডিগ্রি বাড়তে পারে। তবে, উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েক দিন বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

( বাইট- হাবিবুর রহমান )

************************

ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং ও ওড়িশা FC-র ম্যাচটি গতকাল ১-১ গোলে অমীমাংসিতভাবে শেষ হয়েছে।

ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে ওড়িশার সুহায়ির ভিপি এবং মহামেডান স্পোর্টিং-এর এডিসন সিং গোল করেছেন।

******************************************************************